# খামেনি নিহতের দাবি ইসরায়েলের, তেহরানের জোরালো অস্বীকার



ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনেয়ি । ছবি: সংগৃহীত

বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া এক বক্তব্যে একজন ইসরায়েলি কর্মকর্তা দাবি করেছেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনেয়ি নিহত হয়েছেন এবং তার মরদেহ উদ্ধার করা হয়েছে।

ইসরায়েলের বেসরকারি টিভি চ্যানেল চ্যানেল-১২ জানিয়েছে, প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে খামেনেয়ির মরদেহের ছবি দেখানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়, তেহরানে তার প্রাসাদ কমপাউন্ডে তিনি প্রাণ হারান এবং সেখান থেকেই ইরানি উদ্ধারকর্মীরা মরদেহটি সরিয়ে নেয়।

শনিবার সকালে প্রাসাদ লক্ষ্য করে বড় ধরনের হামলা চালানো হয় বলে খবরে উল্লেখ করা হয়েছে। পরবর্তীতে প্রকাশিত স্যাটেলাইট চিত্রে ভবনটি সম্পূর্ণ বিধ্বস্ত অবস্থায় দেখা যায়।

তবে ইরান সরকার এই দাবি নাকচ করেছে। দেশটির পক্ষ থেকে বলা হয়েছে, এটি শত্রুপক্ষের মনস্তাত্ত্বিক অপপ্রচার, জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা।

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই মার্কিন সংবাদমাধ্যম ABC Newsকে জানান, প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এবং সুপ্রিম লিডার খামেনেয়ি দুজনই সুস্থ আছেন। তিনি আরও বলেন, দেশের প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।

এর আগে নেতানিয়াহু ইঙ্গিত দেন যে তাদের কাছে পাওয়া তথ্যে খামেনেয়ির মৃত্যুর সম্ভাবনার কথা উঠে এসেছে। যদিও পরস্পরবিরোধী এসব বক্তব্যের কারণে পরিস্থিতি নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে।

LENS ASIA